

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়

বেড়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি:

(বিআরডিবি'র আওতাভুক্ত)

বেড়া, পাবনা।

brdb.bera.pabna.gov.bd

স্মারক নং-৪৭.৬২.৭৬.১৬.০০০.১৬.১৭৪.১৯.২০

তারিখঃ ১৪/০১/২০২১ খ্রিঃ

”নিয়োগ বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাভুক্ত বেড়া ইউসিসিএ লি: এর নিম্নবর্ণিত শূন্য পদের বিপরীতে বর্ণিত বেতন স্কেলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য পাবনা জেলার প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হলো।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	পরিদর্শক	০১ (এক)	১০,২০০-২৪,৬৮০	স্নাতক/সমমান ডিগ্রী (যে কোন দুইটিতে দ্বিতীয় বিভাগ/২.৫০ থাকতে হবে)

শর্তাবলী:

- ০১। প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (স্পষ্টাক্ষরে) প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী উল্লেখসহ) অন্যান্য যোগ্যতা কম্পিউটার প্রশিক্ষণ সনদ (যদি থাকে), জন্ম তারিখ, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর এবং অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ০২। প্রার্থীর ১৫/১২/২০২০খ্রি. তারিখে প্রকৃত বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এভিডেন্সিট গ্রহণযোগ্য নয়।
- (ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য হলে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র এবং প্রার্থীর সাথে সম্পর্কের সনদের সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ অর্থাৎ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর স্বাক্ষর ও মুক্তিযোদ্ধা সনদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত মূল সনদ) তৎসহ গেজেটেড কপি দাখিল করতে হবে।
- (খ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (গ) সদ্যতোলা ০৪(চার)কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি ও সকল শিক্ষাগতযোগ্যতা, অভিজ্ঞতা সনদের এবং জাতীয় পরিচয়পত্রের ছয়ালিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- (ঘ) উল্লেখিত পদে পরীক্ষার ফি বাবদ ৫০০/= (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) বেড়া ইউসিসিএ লি., রুপালী ব্যাংক লি. বেড়া শাখা, পাবনা শিরোনামে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ০৩। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই পৌছাতে হবে।
- ০৪। আবেদনপত্র উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, বেড়া, পাবনাকে সম্বোধন করে আগামী ০৪/০২/২০২১খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়, বিআরডিবি, বেড়া, পাবনাতে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। আবেদনপত্র যাচাই বাছাইয়ের পর যোগ্য প্রার্থীর প্রবেশপত্র ডাকযোগে প্রার্থীর বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।
- ০৬। নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএলি: এর কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএলি'র কর্মচারীদের জন্য নির্ধারিত বেতনস্কেলে(১৪তম গ্রেড)বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্য এবং ইতোপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারকমূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন ভাতাদি পরিশোধ করা হবে।
- ০৭। নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসেবে ভবিষ্যতে রাজস্ব বাজেটভুক্ত কিংবা বিআরডিবি'র চাকুরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবে না।
- ০৯। নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে বাংলাদেশের যেকোন ইউসিসিএলি: এ বদলি করা যাবে।
- ১০। সাক্ষাৎকারের সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগতযোগ্যতা ও অন্যান্য সনদের মূল কপি দাখিল করতে হবে।
- ১১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১২। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত

মোঃ আবদুল ওয়াহাব

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব নিয়োগ/পদোন্নতি কমিটি

বেড়া ইউসিসিএ লি.পাবনা